গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.১৮- ১৬২ তারিখ: ২২মে ২০১৮

বিষয় : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের এপ্রিল ২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

স্থান : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।

তারিখ ও সময় : ১৩ মে ২০১৮, রবিবার, সময়- সকাল ১০.০০ টা।

উপস্থিতি : পরিশিষ্ট ''ক''।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অর্থ ও কল্যাণ) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং তা সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় দৃঢ়ীকরণ করা হয়। গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১.০ | আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" এ প্রদত্ত তথ্যের উপর আলোচনা। | (ক) প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে মৃত্যুজনিত ক্ষতিপূরণ/ বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" অনুযায়ী বিগত মার্চ ২০১৮ মাসের প্রাপ্ত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়।<br>মহাপরিচালক মহোদয় বলেন আর্থিক অনুদান সংক্রান্ত কিছু নথি পরিলক্ষিত হচ্ছে যা দুই মাসের মধ্যে নিষ্পত্তি হচ্ছে না। এহেন কার্যক্রম প্রত্যাশিত নয়। মৃতের পরিবারের সাথে টেলিফোনে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রাদি সংগ্রহ করে অবশ্যই দুই মাসের মধ্যে নথি নিষ্পত্তির করার জন্য পুনরায় নির্দেশনা প্রদান করেন। | মৃতের পরিবারের সাথে টেলিফোনে যোগাযোগপূর্বক প্রয়োজনীয় কাগজ-পত্রাদি সংগ্রহ করে আর্থিক অনুদান সংক্রান্ত নথিসমূহ অবশ্যই দুই মাসের মধ্যে নিষ্পত্তি করতে হবে। | পরিচালক (অর্থ কল্যাণ)<br>ও<br>পরিচালক (আইআরপি) |
| ২.০ | ইআরপি সিস্টেম ব্যবহার | ইআরপি সিস্টেম সম্পূর্ণরূপে ব্যবহার উপযোগী করার জন্য টেকনোহেভেন সফটওয়ার কোম্পানীকে সর্বশেষ আগামী ৩০ জুন পর্যন্ত সময় নির্ধারণের বিষয়ে আলোচনা হয়। উক্ত সময়ের মধ্যে সম্পূর্ণরূপে ইআরপি সফটওয়ার ব্যবহার উপযোগী করতে ব্যর্থ হন তা হলে এসআরএস অনুযায়ী তাদের সাথে চুক্তি বাতিল করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ইআরপি সিস্টেম সম্পূর্ণরূপে ব্যবহার উপযোগী করার জন্য টেকনোহেভেন সফটওয়ার কোম্পানীকে সর্বশেষ আগামী ৩০ জুন পর্যন্ত সময় নির্ধারণ করা হলো। উক্ত সময়ের মধ্যে সম্পূর্ণরূপে ব্যবহার উপযোগী করতে ব্যর্থ হলে এসআরএস অনুযায়ী তাদের সাথে চুক্তি বাতিল করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। সংশ্লিষ্ট সফটওয়ার কোম্পানীকে এ বিষয়ে অবহিত করতে হবে। | পরিচালক (আইআরপি)<br>ও<br>সংশ্লিষ্ট কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| | কল্যাণ বোর্ডের ইনোভেশন কার্যক্রম ও শোকেসিং । | (ক) বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী কল্যাণ বোর্ডের ইনোভেশন কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে অফিসের বাইরে সুবিধাজনক স্থানে কর্মকর্তাদের ইনোভেশন সম্পর্কিত প্রশিক্ষণের বিষয়ে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচনা হয়।<br><br>(খ) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সার্বিক কার্যক্রম শোকেসিং(Showcasing) এর মাধ্যমে সর্বসাধারণের জ্ঞাতার্থে একটি ওয়ার্কশপ অনুষ্ঠানের লক্ষ্যে পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন প্রস্তুত করা হচ্ছে। অচিরেই ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের ওয়ার্কশপ এর আয়োজন করা হবে মর্মে সভায় আলোচনা হয়। | (ক) কল্যাণ বোর্ডের ইনোভেশন কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে অফিসের বাইরে সুবিধাজনক স্থানে শীঘ্রই কর্মকর্তাদের ইনোভেশন সম্পর্কিত প্রশিক্ষণের আয়োজন করতে হবে।<br><br>(খ) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সার্বিক কার্যক্রম শোকেসিং (Showcasing) এর মাধ্যমে সংশ্লিষ্ট সকলকে অবহিত করণের লক্ষ্যে অচিরেই একটি ওয়ার্কশপ আয়োজন করতে হবে। | পরিচালক (আইআরপি) ও পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৩.০ | কল্যাণ বোর্ডের বিদ্যমান অর্গানোগ্রাম অনুযায়ী কর্মকর্তা/ কর্মচারীদের কার্যক্রম সুনির্দিষ্ট এবং তদানুযায়ী কর্মবন্টন। | বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী গঠিত কমিটি কল্যাণ বোর্ডের বিদ্যমান অর্গানোগ্রাম অনুযায়ী কার্যক্রম সুনির্দিষ্ট করে একটি প্রতিবেদন প্রস্তুত করেন। প্রস্তুতকৃত প্রতিবেদন অনুযায়ী জরুরি ভিত্তিতে কর্মকর্তা/কর্মচারীদের কর্মবন্টন প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | বিদ্যমান অর্গানোগ্রাম অনুযায়ী ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের কার্যক্রম সুনির্দিষ্ট করণের জন্য গঠিত কমিটি কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৪.০ | কল্যাণ বোর্ডের কর্মচারীদের চাকুরি শেষে গ্রাচুইটি, পেনশন ও অন্যান্য সুযোগ-সুবিধা সংক্রান্ত একটি তহবিল গঠন। | কল্যাণ বোর্ডের কর্মচারীদের চাকুরি শেষে গ্রাচুইটি, পেনশন ও অন্যান্য সুযোগ-সুবিধা সংক্রান্ত একটি তহবিল গঠনের লক্ষে গঠিত কমিটি ১০-০৫-২০১৮ তারিখে একটি সভা অনুষ্ঠান করে। অনুষ্ঠিত সভায় প্রবাসী কল্যাণ ব্যাংক, বাংলাদেশ তাঁত বোর্ড ও অন্যান্য স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হতে সংগৃহিত প্রবিধানমালা পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা করেন। এ বিষয়ে যথাপোযুক্ত চুড়ান্ত প্রতিবেদন দাখিলের জন্য আরো সময় প্রয়োজন হবে মর্মে সভায় আলোচনা হয়।<br><br>মহাপরিচালক বিষয়টির গুরুত্ব বিবেচনা করে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় তথ্য উপাত্ত সংগ্রহ করে আগামী সমন্বয় সভার পূর্বেই এতদসংক্রান্ত তহবিল গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশনা প্রদান করেন। | কল্যাণ বোর্ডের কর্মচারীদের চাকুরি শেষে গ্রাচুইটি, পেনশন ও অন্যান্য সুযোগ-সুবিধা সংক্রান্ত একটি তহবিল গঠনের নিমিত্ত জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় তথ্য উপাত্ত সংগ্রহ করে আগামী সমন্বয় পূর্বেই চুড়ান্ত প্রতিবেদন দাখিল করতে হবে। | পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৫.০ | প্রবাসী কর্মীদের কল্যাণে প্রস্তাবিত জমি ক্রয়। | বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রবাসী কর্মীদের কল্যাণে প্রস্তাবিত জমি ক্রয়ের বিষয়ে পূর্বাচল, ভাটারাসহ কয়েকটি জায়গায় জমি দেখা হয়েছে এবং জমির মালিকানা সংক্রান্ত কাগজপত্রাদি সংগ্রহ করা হচ্ছে। প্রসঙ্গক্রমে মহাপরিচালক বাংলাদেশের অর্থনৈতিক অঞ্চল চট্টগ্রামের মীরের সরাইয়ে জমি ক্রয়ের বিষয়ে সমন্বয় সভায় আলোচনা করেন। এ অঞ্চলে জমি ক্রয় করা হলে কল্যাণ বোর্ড যেমন লাভবান হবে তেমনি ভবিষ্যতে প্রবাসী অধ্যুষিত এলাকা চট্টগ্রাম বিভাগে প্রবাসীদের জন্য প্রবাসী পল্লি নামক প্রকল্প গ্রহণ করা যাবে। | বাংলাদেশের অর্থনৈতিক অঞ্চল চট্টগ্রামের মীরের সরাইতে প্রস্তাবিত জমি ক্রয় করা হলে কল্যাণ বোর্ড যেমন লাভবান হবে তেমনি ভবিষ্যতে প্রবাসী অধ্যুষিত এলাকা চট্টগ্রাম বিভাগে প্রবাসীদের জন্য প্রবাসী পল্লি নামক প্রকল্প গ্রহণ করা যাবে। এ বিষয়ে বিস্তারিত উল্লেখপূর্বক পরবর্তী বোর্ড সভায় প্রস্তাব উপস্থাপন করতে হবে। | পরিচালক (অর্থ কল্যাণ) ও পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৬.০ | প্রবাসী কর্মীদের তাৎক্ষনিক সেবা প্রদানসহ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রদত্ত সেবাসমূহ সর্বসাধারণকে অবহিত করণ। | প্রবাসী কর্মী ও তাদের পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রদত্ত সেবাসমূহ দ্রুততম সময়ে প্রদানের লক্ষ্যে দেশের প্রতিটি জেলায় জেলা প্রশাসকের কার্যালয়ে ধারাবাহিকভাবে প্রতি মাসে একটি করে ওয়ার্কশপ আয়োজন করা প্রয়োজন মর্মে উপ-পরিচালক জনাব মোঃ শরিফুল ইসলাম সভায় প্রস্তাব উপস্থাপন করেন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। প্রস্তাবমতে উক্ত ওয়ার্কশপ কার্যক্রম পরিচালনার জন্য ক্রমান্বয়ে প্রতিটি জেলায় কল্যাণ বোর্ড হতে নুন্যতম দুই জন প্রতিনিধি প্রেরণ করতে হবে। ফলে প্রবাসী কর্মীদের সেবা প্রদানসহ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রদত্ত সেবাসমূহ সর্বসাধারণকে অবহিত করা সম্ভব হবে। | প্রবাসী কর্মীদের তাৎক্ষনিক সেবা প্রদানসহ ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে প্রদত্ত সেবাসমূহ সর্বসাধারণকে অবহিতকরণের লক্ষ্যে প্রতিটি জেলায় জেলা প্রশাসকের কার্যালয়ে ধারাবাহিকভাবে প্রতি মাসে একটি করে ওয়ার্কশপ আয়োজন করতে হবে এবং অনুষ্ঠেয় ওয়ার্কশপ সফলভাবে বাস্তবায়নের নিমিত্ত কল্যাণ বোর্ড হতে প্রয়োজনীয় সংখ্যক প্রতিনিধি প্রেরণ করতে হবে। | পরিচালক (অর্থ কল্যাণ) ও পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) |
| ৭.০ | কল্যাণ বোর্ডের লাইব্রেরীর জন্য বই ক্রয়। | বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক সরকারি চাকুরি সংক্রান্ত সকল প্রকার বই, প্রচলিত অভিবাসন আইন-কানুন সম্পর্কিত, প্রশাসনিক, সাংবিধানিক, মানবাধিকার সংক্রান্ত এবং বিশ্ব বরেণ্য ব্যক্তিদের আত্মজীবনী সম্পর্কিত, অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক তথ্যবহুল বইয়ের একটি তালিকা উপস্থাপন করা হলো। উপস্থাপিত তালিকা অনুযায়ী উপযুক্ত বইসমূহ নির্ধারণপূর্বক দ্রুত ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | প্রস্তুতকৃত তালিকা থেকে যাচাই করে মানসম্মত ও প্রতিষ্ঠানের উপযোগী বই ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (আইআরপি) |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

(গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।

অনুলিপি :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
২। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৪। উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৫। ডাটাবেইজ এ্যাডমিনিস্ট্রেটর/সিস্টেম এ্যাডমিনিস্ট্রেটর, আইটি শাখা, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। সহকারী পরিচালক (সকল) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৭। উপ-সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৮। সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপনকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৯। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১০। পরিচালক (অর্থ ও কল্যাণ/ (প্রশাসন ও উন্নয়ন) /(আইআরপি) এর ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১১। মাষ্টার নথি/২০১৮।